নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২৬০ ০৯ সেপ্টেম্বর ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে শিক্ষকদের অংশগ্রহণে প্রজেক্ট প্রপোজাল রাইটিং বিষয়ক প্রশিক্ষণ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটের শিক্ষকদের অংশগ্রহণে প্রজেক্ট প্রপোজাল রাইটিং বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (০৯ সেপ্টেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে অনুষ্ঠিত প্রশিক্ষণে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ)।

অনুষ্ঠানে উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বলেন, বিভিন্ন ইন্ডাস্ট্রির সঙ্গে কোলাবরেশন করতে পারলে প্রজেক্ট প্রাপ্তির সম্ভাবনা বাড়বে। আশা করি, আমাদের প্রজেক্ট মানসম্পন্ন হবে। আমরা যদি মানসম্পন্ন প্রজেক্ট আনতে পারি তাহলে নিজের প্রোফাইল সমৃদ্ধ করার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের এবং দেশের জন্য সুনাম বয়ে আনতে পারবো।

এ সময় তিনি ব্যানবেইসের প্রজেক্টে শিক্ষকদের আবেদন করার আহ্বান জানান এবং প্রজেক্ট প্রাপ্তির ক্ষেত্রে আরও সাফল্য অর্জনের আশাবাদ ব্যক্ত করেন।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে প্রশিক্ষণে রিসোর্স পার্সন ছিলেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. ফয়সাল বিন আবদুল আজিজ। কোর্স ডিরেক্টর ছিলেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদ। প্রোগ্রাম মডারেটর ছিলেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক (ইটিএল) জি এম রাকিবুল ইসলাম।

রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট গ্র্যান্ট ওভারভিউ' এবং 'ইমপ্রুভিং কম্পিউটার এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং টারশিয়ারি এডুকেশন প্রজেক্ট (ICSETEP-RDG, CSE, IT)' শীর্ষক এ প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস্, পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা, ফার্মেসি, মাইক্রোবায়োলজি, বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং, পরিসংখ্যান, শিক্ষা এবং শিক্ষা প্রশাসন বিভাগের শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪